



জামায়াতকে নিয়ে মিথ্যাচার করছেন মির্জা ফখরুল: জামায়াত



ছবি: সংগৃহীত

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সাম্প্রতিক বক্তব্যকে ‘দায়িত্বজ্ঞানহীন’ আখ্যা দিয়েছে জামায়াতে ইসলামী। দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, ধর্ম নিয়ে রাজনীতির অভিযোগ তোলার আগে বিএনপির নিজেদের অবস্থান পর্যালোচনা করা উচিত। বুধবার (২০ মে) দেওয়া এক বিবৃতিতে তিনি দাবি করেন, নির্বাচন সামনে এলেই বিএনপির নেতাদের ধর্মীয় ভাবমূর্তির প্রদর্শন বাড়ে। জনগণের ধর্মীয় আবেগকে কাজে লাগিয়ে রাজনৈতিক সুবিধা নেওয়ার অভিযোগও তোলেন তিনি।

মিয়া গোলাম পরওয়ার বলেন, জামায়াতে ইসলামী একটি আদর্শভিত্তিক ও নিয়মতান্ত্রিক রাজনৈতিক দল। দলটি কখনো ধর্মকে রাজনৈতিক কৌশল বা ব্যবসার মাধ্যম হিসেবে ব্যবহার করেনি। বরং জামায়াতের বিরুদ্ধে বিএনপির এমন বক্তব্য রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলেও মন্তব্য করেন তিনি। তিনি আরও বলেন, জামায়াতকে জনগণ কখনো ক্ষমতায় আনবে না— মির্জা ফখরুলের এমন মন্তব্য বাস্তবতাবিবর্জিত। অতীতে জনগণের ভোটে জামায়াত সংসদে প্রতিনিধিত্ব করেছে এবং দায়িত্ব পালনের নজিরও রয়েছে বলে দাবি করেন তিনি।

স্বাধীনতা যুদ্ধ ও মুক্তিযুদ্ধের প্রসঙ্গ টেনে জামায়াতকে নিয়ে দেওয়া বক্তব্যকেও পুরোনো রাজনৈতিক অপপ্রচার হিসেবে উল্লেখ করেন মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, অসত্য ও উসকানিমূলক মন্তব্য থেকে বিরত থেকে দায়িত্বশীল রাজনৈতিক আচরণ করা উচিত।

শেষে তিনি বিএনপি মহাসচিবের প্রতি জামায়াতকে নিয়ে দেওয়া বক্তব্য প্রত্যাহারের আহ্বান জানান।